
তারিখ ... 27 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ... ......

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষা পদ্ধতি এবং সৃজনশীল প্রশ্ন

বায়েজিদ পাপ্পানা



বেশ কয়েক বছর ধরে আমাদের দেশে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে পরীক্ষা নেওয়া শুরু হয়েছে। নিঃসন্দেহে এটি একটি ভালো উদ্যোগ, তবে আমাদের দেশের শিক্ষা পদ্ধতির কারণে এটি ফলপ্রসূ হচ্ছে না এবং ভবিষ্যতে কতটা সফল হবে তা সময়ই বলে দেবে।

বর্তমান পাঠ্যপুস্তকে প্রয়োজনীয় অনেক বিষয় নেই যা পূর্বের পাঠ্যক্রমে ছিল। অর্থাৎ পাঠ্যবইগুলো আগের তুলনায় অনেক বেশি সংক্ষিপ্ত হয়ে গেছে। এর ফলে ছাত্রছাত্রীরা যে কোনো একটি নির্দিষ্ট বিষয়ের ওপর পড়াশোনা করে পূর্ণাঙ্গ জ্ঞান অর্জন করতে পারছে না।

এক্ষেত্রে বলা যেতে পারে—পরিপূর্ণ জ্ঞানের জন্য শিক্ষকরা শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে সাহায্য করবে। কিন্তু দুঃখজনক হলেও সত্য হাতেগোনা কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান ছাড়া অধিকাংশ প্রতিষ্ঠানেই শিক্ষকরা শিক্ষার্থীদের সঠিকভাবে পাঠদান করেন না। আমি তাঁদের প্রতি শ্রদ্ধা রেখেই বলছি—তাঁরা কোমলমতি ছাত্রছাত্রীদের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাঁদের পরিচালিত কোচিং সেন্টার বা বাসায় ব্যক্তিগতভাবে পড়ার বিষয়ের কথা বলেন। বা অনেক ক্ষেত্রে চাপ দেন। এতে যেমন শিক্ষকদের মন-মানসিকতার সমস্যা রয়েছে, ঠিক তেমনি সরকারেরও ব্যর্থতা রয়েছে। সরকার সঠিকভাবে এসব বিষয় মনিটরিং করে না।

তাছাড়া মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকের শিক্ষকদের বেতন বৃদ্ধির বিষয়টিও বিবেচনা যোগ্য। তবে সার্বিকভাবে শিক্ষকদের নিজ দায়িত্বে পরিপূর্ণ পাঠদানের কোনো বিকল্প নেই।

এবার আসি সৃজনশীল প্রশ্নের বিষয়ে। সৃজনশীল প্রশ্ন পদ্ধতির মূল বৈশিষ্ট্য হচ্ছে শিক্ষার্থীদের যে বিষয়ে পড়ানো হবে সেটির ওপর নির্ভর করে নির্দিষ্ট একটি উদ্দীপক তৈরি করা। তারপর সেখান থেকে প্রশ্ন করতে হবে। কিন্তু আশ্চর্যজনক বিষয় হচ্ছে, শ্রেণিকক্ষে যা পড়ানো হয় অথবা বইয়ে যা দেওয়া আছে তার চেয়ে আরো অনেক কঠিন বা বিস্তৃত বিষয়ে প্রশ্ন তৈরি করা হয়। মাঝে মাঝে পুরনো পাঠ্যসূচির পাঠ্য বইয়ের অনেক বিষয় থেকে প্রশ্ন করা হয়। যেগুলো খুব গুরুত্বপূর্ণ। কোনো এক অদ্ভুত কারণে এসব গুরুত্বপূর্ণ টপিক বর্তমান পাঠ্যপুস্তক থেকে বাদ দেওয়া হয়েছে। তাহলে আমাদের শিক্ষার্থীরা কিভাবে পরীক্ষায় ভালো করবে বা ভালো করার উৎসাহ পাবে। যেমন শ্রেণিকক্ষে পড়ানো হয় 'নৌকা ভ্রমণ' আর পরীক্ষায় আসে 'মহাকাশ ভ্রমণ।' এই বিষয়ে ফেসবুকে শিক্ষার্থীদের একটি জনপ্রিয় পেজের কথা বলা যায়—'ক্লাসে আমাদের ভিরাট কোহলির বোলিং ব্যাট করতে শেখানো হয়, আর পরীক্ষায় আসে শোয়েব আখতার বা ব্রেট লির বোলিং। তাহলে আমরা কিভাবে ব্যাট করব!' কথা কিন্তু সত্যি।

সৃজনশীল প্রশ্ন পদ্ধতিকে ফলপ্রসূ করার জন্য শিক্ষকদের আরো অনেক বেশি আন্তরিক হতে হবে এবং পাঠ্যপুস্তককেন্দ্রিক পঠিত বিষয়ের ওপর ভিত্তি করেই ছাত্রছাত্রীদের সৃজনশীলতার পরীক্ষা নিতে হবে।

ঢাকা